গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌ-পরিবহন মন্ত্রণালয়
নৌ-পরিবহন অধিদপ্তর
১৪১-১৪৩, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০

নম্বর ১৮.১৭.০০০০.০২৮.২৭.০০১.২১.১৬০

তারিখ: ২৯ বৈশাখ ১৪২৯
১২ মে ২০২২

বিশেষ সতর্কীকরণ বিজ্ঞপ্তি

বিষয়: **সার্টিফিকেট অব প্রফিসিয়েন্সি (সি ও পি ) পরীক্ষা ও সনদায়ন ডিজিটালাইজেশন কার্যক্রম সংক্রান্ত সতর্কীকরণ বিজ্ঞপ্তি।**

১। নৌপরিবহন অধিদপ্তর দেশী এবং বিদেশী জাহাজসমূহে কর্মরত বাংলাদেশি নাবিক এবং অফিসারদের মানসম্পন্ন এবং নিরবিছিন্ন সেবা প্রদানে সচেষ্ট এবং এই লক্ষে সর্বদা কাজ করে যাচ্ছে। মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক তথ্য ও যোগাযোগ প্রযুক্তির প্রসার ও বিকাশের লক্ষ্যে ‘ডিজিটাল বাংলাদেশ : ভিশন-২০২১’ এবং চতুর্থ শিল্পবিপ্লবকে সামনে রেখে অধিদপ্তর সার্টিফিকেট অব প্রফিসিয়েন্সি (সি ও পি ) পরীক্ষা ও সনদায়ন ডিজিটালাইজেশন করার মাধ্যমে সনদায়ন প্রক্রিয়াটি আরও সহজতর ,যুগোপযোগী, স্বচ্ছ এবং বাস্তবমুখী করা হয়েছে যা সরকারি এবং বেসরকারি মহলে প্রশংসিত হয়েছে। এই ডিজিটাল করার মাধ্যমে প্রার্থীরা বর্তমানে দেশের প্রত্যন্ত অঞ্চল থেকে এমনকি জাহাজে বসেও অনলাইনএ সম্পূর্ন সিওপি প্রক্রিয়াটি সম্পন্ন করে সনদ গ্রহণ করতে পারছেন। এই ডিজিটালাইজেশন এর ফলে, করোনাভাইরাস জনিত লকডাউন পরিস্থিতিতেও অধিদপ্তর প্রার্থীদের সিওপি সুবিধা দেয়া সম্ভব হয়েছে এবং প্রার্থীদের করোনা ভাইরাস জনিত স্বাস্থ্য ঝুঁকি হতে রক্ষা করেছে। এর ফলে মহামারির সময় আমাদের নাবিকরা সঠিক সময়ে জাহাজে যোগদান করতে পেরেছে, বিশ্ব বাজারে বাংলাদেশী নাবিকদের সংখ্যা উত্তরোত্তর বৃদ্ধি পেয়েছে এবং সেই সাথে বেড়েছে নাবিকদের মাধ্যমে আহরিত বৈদেশিক মুদ্রার পরিমান এবং রেমিট্যান্স।


সিওপি অনলাইন করার ধাপে ধাপে এর সাথে সম্পর্কিত সকল অংশীগণের সাথে সভা করে মতামত নেয়া হয়েছে এবং মতামতের ভিত্তিতে প্রক্রিয়াটি সুসম্পন্ন করা হয় হয় এবং বিগত ডিসেম্বর ২০২১ হতে তা সাফল্যজনক ভাবে পরিচালিত হচ্ছে।

২। সাম্প্রতিক সময়ে লক্ষ্য করা যাচ্ছে, সরকারের এহেন সাফল্যজনক কার্যক্রম বাধাগ্রস্থ করার লক্ষ্যে একটি কুচক্রীমহল বিভিন্ন স্যোসাল মিডিয়ায় সিওপি পরীক্ষা এবং ডিজিটালাইজেশন প্রক্রিয়া সম্পর্কে মিথ্যা, বিভান্তিমূলক, অশোভন ও অশালীন বক্তব্য প্রদান এবং প্রচার করে জাহাজী অফিসার ও নাবিকগণদের বিভ্রান্ত করছেন যা সরকারের এধরণের জনকল্যাণমূলক কাজকে বাধাগ্রস্ত করার সামিল ।

৩। এখানে উল্লেখ যে বাংলাদেশ নৌ-বানিজ্যিক জাহাজ অফিসার ও নাবিক প্রশিক্ষণ, সনদায়ন, নিয়োগ, কর্মঘন্টা এবং ওয়াচকিপিং বিধিমালা,২০১১ - এস,আর,ও নং ২৬/আইন/২০১১ (সনদায়ন বিধিমালা-২০১১) মাধ্যমে অধিদপ্তর কর্তৃক সিওপি পরীক্ষা গ্রহন বাধ্যতামুলুক এবং মেরিটাইম ট্রেনিং ইনস্টিটিউট দ্বারা প্রদত্ত মেরিটাইম ট্রেনিং এর মান বজায় রাখতে অতীব জরুরি।

৪। এই হীন কার্যক্রম ও অপচেষ্টা জরুরী ভিত্তিতে বন্ধের জন্য সংশ্লিষ্টদের কঠোরভাবে সর্তক করা হলো। অন্যথায় এহেন কার্যক্রমের সাথে জড়িত সকলের বিরুদ্ধে প্রচলিত আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে। ইতিমধ্যেই দেশের আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর ডিজিটাল নিরপত্তা বিভাগ কে বিষয়টি সম্পর্কে অবহিত করা হয়েছে এবং থানায় জিডি করা হয়েছে।

৫। নৌপরিবহন অধিদপ্তর দেশী এবং বিদেশী জাহাজসমূহে কর্মরত বাংলাদেশি নাবিক এবং অফিসারদের মানসম্পন্ন সেবা প্রদানে সর্বদা সচেষ্ট এবং এ সংক্রান্ত যেকোনো গঠনমূলক , উন্নয়নমূলক এবং সেবা সহজীকরণ বিষয়ক পরামর্শ সাদরে গ্রহণ করতে সদা প্রস্তুত। এ বিষয়ে অধিদপ্তর সকলের সহযোগিতা কামনা করছে।



১২-৫-২০২২

কমডোর আবু জাফর মোঃ জালাল উদ্দিন.
(সি).পিসিজিএম. এনডিসি. পিএসসি. বিএন
মহাপরিচালক
ফোন: ৯৫১৩৩০৫
ফ্যাক্স: ৯৫৮৭৩০১
ইমেইল: info@dos.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)

১) কমান্ড্যান্ট, বাংলাদেশ মেরিন একাডেমি, জুলদিয়া, চট্টগ্রাম।
২) কমান্ড্যান্ট, বাংলাদেশ মেরিন একাডেমি, পাবনা।
৩) কমান্ড্যান্ট, বাংলাদেশ মেরিন একাডেমি, বরিশাল।
৪) কমান্ড্যান্ট, বাংলাদেশ মেরিন একাডেমি, সিলেট।
৫) প্রিন্সিপাল অফিসার, নৌ বাণিজ্য দপ্তর, আগ্রাবাদ, চট্টগ্রাম।
৬) ইন্জিনিয়ার এন্ড শিপ সার্ভেয়ার এন্ড এক্সামিনার, পরীক্ষা শাখা(ইঞ্জিনিয়ারিং), নৌপরিবহন অধিদপ্তর
৭) ইঞ্জিনিয়ার এন্ড শিপ সার্ভেয়ার এন্ড এক্সামিনার, পরীক্ষা শাখা(ইঞ্জিনিয়ারিং), নৌপরিবহন অধিদপ্তর
৮) ইঞ্জিনিয়ার এন্ড শিপ সার্ভেয়ার এন্ড এক্সামিনার, পরীক্ষা শাখা(ইঞ্জিনিয়ারিং), নৌপরিবহন অধিদপ্তর
৯) নটিক্যাল সার্ভেয়ার এন্ড এক্সামিনার, পরীক্ষা শাখা(নটিক্যাল), নৌপরিবহন অধিদপ্তর

১০) নটিক্যাল সার্ভেয়ার এন্ড এক্সামিনার, পরীক্ষা শাখা(নটিক্যাল), নৌপরিবহন অধিদপ্তর

১১) নটিক্যাল সার্ভেয়ার এন্ড এক্সামিনার, পরীক্ষা শাখা(নটিক্যাল), নৌপরিবহন অধিদপ্তর

১২) শিপিং মাস্টার, সরকারি সমুদ্র পরিবহন অফিস

১৩) সভাপতি, বাংলাদেশ ওশান গোয়িং শীপ ওনার্স এসোসিয়েশন, হাউজ নং-১১/বি (৪র্থ তলা), রোড নং-৩০, ব্লক নং-সি ডব্লিউ এস (এ), গুলশান-১, ঢাকা-১২১২।

১৪) সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ শীপ ম্যানিং এজেন্টস এসোসিয়েশন, দি হ্যাভেন (৫ম তলা), হোল্ডিং নং -১৩৩৫/এ, নিকুঞ্জ হাউজিং সোসাইটি, দক্ষিণ খুলসী, চট্টগ্রাম।

১৫) সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ মার্চেন্ট মেরিন অফিসার্স এসোসিয়েশন, রোড নং-১, বল্ক-জি, হালিশহর আ/এ, চট্টগ্রাম।

১৬) সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ মেরিনার্স সোসাইটি, ন্যাম ভিলেজ, ফ্ল্যাট-৩/সি, বাড়ী- ০৬, রোড-০২, ঢাকা।

১৭) কমান্ড্যান্ট, ইন্টারন্যাশনাল মেরিটাইম একাডেমি, ছোট জয়নগর (উলুখোলা ব্রীজের নিকট),পোঃপূবাইল, উপজেলা ও জেলা-গাজীপুর।

১৮) অধ্যক্ষ, বাংলাদেশ মেরিটাইম ট্রেনিং ইন্সটিটিউট, হাউজ #৩৮/এ, রোড #৭, সেক্টর #৩, উত্তরা মডেল টাউন, ঢাকা।

১৯) কমান্ড্যান্ট, ওয়েষ্টার্ণ মেরিটাইম একাডেমি, ৮, শাহ মখদুম এভিনিউ, সেক্টর-১১, উত্তরা, ঢাকা।

২০) অধ্যক্ষ, ইন্টারন্যাশনাল মেরিটাইম ট্রেনিং একাডেমি, এস এন্ড এফ ভবন (৫ম তলা), ১৫৩/১, গ্রীণরোড, ঢাকা-১২০৫।

২১) অধ্যক্ষ, মাস মেরিন একাডেমি, হাউজ ১,লেন-৫,রোড ১,, ব্লক-এল, হালিশহর হাউজিং এষ্টেট, চট্রগ্রাম-৪১০০

২২) অধ্যক্ষ, ওসেন মেরিটাইম একাডেমি, তুলাতুলী রোড, ফৌজদারহাট, চট্টগ্রাম-৪১০০।

২৩) সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ সী-ফেয়ারার্স ইউনিয়ন, লাকী প্লাজা, ৫৩, আগ্রাবাদ, চট্টগ্রাম।

২৪) সভাপতি/সাধারণ সম্পাদক, মেরিন ফিশারিজ একাডেমি এক্স-ক্যাডেট এসোসিয়েশন, ১১৫, সদরঘাট রোড, চট্টগ্রাম।

২৫) সভাপতি/সাধারণ সম্পাদক, বিএসসি সীম্যান্স এসোসিয়েশন, বিএসসি ভবন, সল্টগোলা রোড, চট্টগ্রাম।

২৬) সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ সীম্যান্স এসোসিয়েশন, ৩৪, নূর চেম্বার (৩য় তলা), আগ্রাবাদ, চট্টগ্রাম।

২৭) নৌপরিবহন অধিদপ্তর এর নোটিশ বোর্ড এবং ওয়েবসাইট।